



MANBHUM MAHAVIDYALAYA

(ACCREDITED BY NATIONAL ASSESSMENT AND ACCREDITATION COUNCIL)
(AFFILIATED TO THE SIDHO-KANHO-BIRSHA UNIVERSITY)

VirGanganarayan Road
P.O:- MANBAZAR * DIST:- PURULIA * Pin-723131(West Bengal)
Phone & Fax No: (03253) 255632
Email:mb_college@rediffmail.com

Ref.No.

Date: 25/02/2024

নোটিস

মানভূম মহাবিদ্যালয়ের সকল ছাত্রছাত্রীকে এতদ্বারা জানানো হচ্ছে যে তাদের প্রিন্টেড আইডি কার্ড কলেজ থেকে খুব শীঘ্রই ইস্যু করা হবে। এই প্রিন্টেড আইডি কার্ডে ছাত্রছাত্রীদের বিবিধ তথ্য দেওয়া থাকবে। এই আইডি কার্ড দেওয়া হবে নিম্নলিখিত ছাত্রছাত্রীদের -

(১) প্রথম সেমিস্টার - ২০২৩-২৪-এ অ্যাডমিশন নেওয়া ছাত্রছাত্রীদের মধ্যে যারা প্রথম সেমিস্টার পরীক্ষার ফর্ম ফিল-আপ করেছে।

(২) তৃতীয় সেমিস্টার - ২০২২-২৩-এ অ্যাডমিশন নেওয়া ছাত্রছাত্রীদের মধ্যে যারা তৃতীয় সেমিস্টার পরীক্ষার ফর্ম ফিল-আপ করেছে।

(৩) পঞ্চম সেমিস্টার - ২০২১-২২-এ অ্যাডমিশন নেওয়া ছাত্রছাত্রীদের মধ্যে যারা পঞ্চম সেমিস্টার পরীক্ষার ফর্ম ফিল-আপ করেছে।

অ্যাডমিশনের সময়ে ছাত্রছাত্রীরা যে বিবিধ তথ্য দিয়েছে, তার থেকে আই-কার্ডের জন্য প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করতে গিয়ে দেখা যাচ্ছে সব তথ্য সঠিক নেই এবং কিছু তথ্য (যেমন, মোবাইল নাম্বার) আপডেট হয়ে থাকতে পারে। উপরন্তু, ছাত্রছাত্রীরা যে ছবি এবং সই আপলোড করেছিলো, সেগুলি খুবই নিম্নমানের; ফলে, আই-কার্ডে সেগুলি বাজেভাবে প্রিন্ট হবে। এই কারণগুলির জন্যে ছাত্রছাত্রীদের থেকে নতুন ক'রে ডেটা নেওয়া হচ্ছে - শুধু সেই ডেটা যেগুলি - (ক) প্রমাণ করবে যে তারা মানভূম মহাবিদ্যালয়ের স্টুডেন্ট, এবং (২) যেগুলি আই-কার্ডে প্রিন্ট হবে।

এই ডেটা কালেকশনের জন্য একটি গুগল ফর্ম দেওয়া হচ্ছে। এই ফর্ম যারা যথাযথভাবে ফিল-আপ ক'রে সাবমিট করবে না, তাদের ক্ষেত্রে অ্যাডমিশনের সময়ে দেওয়া তথ্যই আই-কার্ডে প্রিন্ট করা হবে। সেখানে কোনো ভুল থাকলে আর সংশোধন করা যাবে না। এই ফর্মের লিঙ্ক নিচে দেওয়া হলো -

<https://bit.ly/mmv-stud-icard-data-202402>

যারাই নিশ্চিতভাবে সঠিক তথ্য সহ প্রিন্টেড আইডি কার্ড চাইছে, তারা অবশ্যই এই ফর্মের মাধ্যমে নিজের নিজের ডেটা সাবমিট করো। এই গুগল ফর্ম ২৯ ফেব্রুয়ারি ২০২৪ বৃহস্পতিবার রাত ১১:৫৯-এর আগে ফিল-আপ ক'রে সাবমিট করতে হবে।

এই ফর্মে যা যা নির্দেশ দেওয়া আছে, তা অতি অবশ্যই খুব ভালো ক'রে প'ড়ে ফর্মটা ফিল-আপ করবে। এই ফর্মে ভালো গুণমানের ছবি এবং সই আপলোড করতে হবে।

নিজের ছবি আপলোড করতে হবে

তোমার রিসেন্ট কালার পাসপোর্ট সাইজ ছবি আপলোড করো। ছবির ব্যাকগ্রাউন্ড হবে হালকা রঙের। তোমার মুখ পুরো দেখা যাবে এবং মুখের নিচে শুধু কাঁধ অবধি দেখা যাবে। মুখে বা কানের ওপর যেন চুল প'ড়ে না-থাকে। কোনো গয়না পড়বে না। চোখে পাওয়ার না-থাকলে চশমা পড়বে না। এখানে আপলোড করতে হবে jpg ছবি, ছবির ফাইল সাইজ হ'তে হবে মিনিমাম 50 KB থেকে ম্যাক্সিমাম 200 KB অবধি।

নিজের সইয়ের ছবি আপলোড করতে হবে

ইংরাজিতে পুরো নাম সই করো, সাদা কাগজে কালো কালিতে। এটার হাই-রেজোলিউশন ছবি তুলে ক্রপ করো। ক্রপ করা ছবির ডায়মেনশন চেঞ্জ করবে না। ছবিতে যেন ছায়া না-পড়ে। ছবিটার ব্রাইটনেস ও কনট্রাস্ট চেঞ্জ ক'রে ব্যাকগ্রাউন্ড পুরো সাদা ক'রে দাও, যাতে এটা একটা সাদা-কালো ছবির মতো দেখতে লাগে। এটা jpg ছবি হিসেবে সেভ করো। তারপর এটা এখানে আপলোড ক'রে দাও। সইয়ের ছবিটার ফাইল সাইজ হ'তে হবে মিনিমাম 20 KB থেকে ম্যাক্সিমাম 100 KB অবধি।

Tarun K. Ghosh

ড. তরুণ কুমার ঘোষ

অধ্যক্ষ

মানভূম মহাবিদ্যালয়

Principal
Manbhumi Mahavidyalaya
Manbazar, Purulia

গুগল ফর্ম ওপেন করতে এই QR Code স্ক্যান করো

